

যদিও মানছি দূরত্ব  
তবুও আছি সংযুক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প(২য় পর্যায়)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
আইসিটি টাওয়ার, আগাঁরগাও, ঢাকা- ১২০৭  
www.sheikhrusseldigitallab.gov.bd



জরুরি  
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০.১৪৪১

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮

১৩ অক্টোবর ২০২১

বিষয়: সারাদেশে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে আগামী ১৮ অক্টোবর  
“শেখ রাসেল দিবস-২০২১” উদযাপন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতিবছর ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস পালনের মাধ্যমে ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থীদের/শিশু-কিশোরদের উন্নত বাংলাদেশের নাগরিক হিসাবে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে শিশু-কিশোরদের মাঝে শেখ রাসেলের স্মৃতি অম্লান থাকবে। একই সাথে আগামী দিনে বাংলাদেশকে পরিচালনাসহ নেতৃত্ব দানের ক্ষেত্রে শেখ রাসেলের দীপ্ত প্রত্যয়কে হৃদয়ে ধারণ করে তারা উন্নত বাংলাদেশ গড়ার শক্তিতে বলীয়ান হবে। এ লক্ষ্য ও উদ্দেশ্যে আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখে জাতীয়ভাবে দেশব্যাপী বর্ণাঢ্য আয়োজনে “শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস” প্রতিপাদ্যে প্রথমবার “শেখ রাসেল দিবস-২০২১” উদযাপন করা হবে।

০২। আপনি নিশ্চয়ই অবগত আছেন, ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগ ও অবদান এবং স্মৃতি বিজড়িত ১৯৭৫ সালের ১৫ আগস্টের শোকাবহ ইতিহাস সম্পর্কে সারাদেশের লাখো ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, তরুণ-তরুণীসহ সাধারণ জনগণের নিকট উপস্থাপন, উজ্জ্বলিতকরণ, অবহিতকরণ ও আগ্রহীকরণের লক্ষ্যে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবসমূহকে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” হিসাবে নামকরণ করা হয়েছে। তাই প্রথমবার আয়োজিত “শেখ রাসেল দিবস-২০২১”-এর জাতীয় এবং মাঠ পর্যায়ের অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে প্রতিপাদ্য ভিত্তিক সারাদেশের প্রতিটি শেখ রাসেল ডিজিটাল ল্যাবে নিম্নবর্ণিত কর্মসূচীসমূহ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো:

ক্রম	প্রতিযোগিতার ধরণ	বিষয়	শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর গুণসমূহ
০১	প্রজেক্টেশন প্রস্তুত	প্রিয় শেখ রাসেল(০৮/১০টি স্লাইড)	১৩ থেকে ১৮ বছরের ছাত্রছাত্রী
০২	উপস্থিত বক্তৃতা	শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস	০৮ থেকে ১২ বছর ছাত্রছাত্রী
০৩	প্রোগ্রামিং বা কুইজ প্রতিযোগিতা	ছোট বেসিক প্রোগ্রামিং এবং আইসিটি বিষয়ক (প্রিয় শেখ রাসেল, ডিজিটাল বাংলাদেশ, মুক্তি যুদ্ধ)	প্রতিষ্ঠানের সকল ছাত্রছাত্রী

০৩। এমতাবস্থায়, শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধানগণকে আগামী ১৮ অক্টোবর ২০২১ “শেখ রাসেল দিবস-২০২১” যথাযোগ্য মর্যাদায় বর্ণাঢ্যভাবে আয়োজনের জন্য উল্লিখিত কর্মসূচীসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে মূল অনুষ্ঠানটি বিভিন্ন ইলেকট্রনিক মাধ্যমে সম্প্রচারিত হবে। উক্ত অনুষ্ঠানটি সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সম্প্রচারের মাধ্যমে সম্পৃক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

R. Mahedi

১৩-১০-২০২১

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৬৮২৬

ফ্যাক্স: ০২-৫৫০০৬৮২৬

ইমেইল: pdsrdl@doict.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট (সকল)  
সারাদেশে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত  
সকল শিক্ষা প্রতিষ্ঠান।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০.১৪৪১/১(৪৮১)

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮

১৩ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, সকল জেলা।
- ৪) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), উপজেলার শেখ রাসেল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ।
- ৫) প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর .....
- ৬) জেলা শিক্ষা অফিসার (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, জেলা কার্যালয়.....।
- ৭) সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (দিবসের অনুষ্ঠান আয়োজনে প্রস্তুতি গ্রহণ ও প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ)।
- ৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, উপজেলা কার্যালয়ঃ..... জেলাঃ.....। (শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে দিবসটি উদযাপনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।

১৩-১০-২০২১

ড. ভেনিসা রিডিক্স

উপ প্রকল্প পরিচালক (সাধারণ) (অতিরিক্ত  
দায়িত্ব)